গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-২৯৫৫ তারিখঃ১১/০৯/২০২২ খ্রিঃ

বিষয়ঃ ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নের জন্য শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ে জানানো যাচ্ছে যে, জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা বাস্তবায়নে গত ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতালের "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে পরিদর্শন পরবর্তী প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এতদসংগে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ ০৫ পাতা।

সিদ্দিকা আক্তার
(অতিরিক্ত সচিব)
মহাপরিচালক
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ই-মেইলঃ info@dgnm.gov.bd

সচিব
স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ
স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
(দৃঃ আঃ যুগ্মসচিব, প্রশাসন -৩ অধিশাখা।)

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-২৯৫৫/১(৭) তারিখঃ১১/০৯/২০২২ খ্রিঃ

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে/ জ্ঞাতার্থে
১। অতিরিক্ত সচিব (নার্সিং ও মিডওয়াইফারি), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
২। অতিরিক্ত সচিব (প্রশাসন অনুবিভাগ), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৪। উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৫। উপসচিব (প্রশাসন-৪, মনিটরিং ও সমন্বয় শাখা), স্বাস্থ্য সেবা বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়।
৬। সহকারি পরিচালক (পিএমআইএস), নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৭। মহাপরিচালক এর ব্যক্তিগত কর্মকর্তা, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর।

সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর
মহাখালী, ঢাকা
www.dgnm.gov.bd

তারিখঃ /০৯/২০২২ খ্রিঃ

স্মারক নং-৪৫.০৩.০০০০.০০৫.৯৭.০০২.২২-

বিষয়ঃ শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন পরবর্তী প্রতিবেদন প্রেরণ।

গত ২৫/০৮/২০২২ খ্রিঃ তারিখ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের মহাপরিচালক মহোদয় ও নিম্নস্বাক্ষরকারীসহ নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরের সহকারী পরিচালক (প্রশাসন ও মিডওয়াইফারি), সহকারী পরিচালক (সমন্বয়), ২জন নার্সিং কর্মকর্তা (সমন্বয় শাখা) এবং পরিচালক প্রশাসনের ব্যক্তিগত কর্মকর্তা কর্তৃক "নার্সিং সেবার মান উন্নয়ন" এর লক্ষ্যে শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল পরিদর্শন করা হয়। প্রথমেই হাসপাতালের পরিচালক মহোদয়ের সাথে সৌজন্য সাক্ষাত করা হয়। তিনি হাসপাতালের সেবা শাখার কতিপয় সমস্যা তুলে ধরেন। তন্মধ্যে রোগী অনুপাতে নার্সিং জনবল খুবই কম বলে উল্লেখ করেন। তিনি নার্সিং জনবলের শূন্য পদসমূহ পূরণের জন্য মহাপরিচালক , নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর এর দৃষ্টি আকর্ষণ করেন ।

**হাসপাতালের শয্যা সংখ্যা, রোগী সংখ্যা ও নার্সিং জনবলের তথ্যাদিঃ-**

| | | |
|---|---|---|
| ১. | মঞ্জুরীকৃত শয্যা সংখ্যাঃ | ১৩৫০ ( এক হাজারতিন শত পঞ্চাশ ) টি |
| ২. | মোট ওয়ার্ড | ৪৫ (পঁয়তাল্লিশ) টি |
| ৩. | বর্তমানে ভর্তিকৃত মোট রোগীর সংখ্যা | ৯৯৯ (নয় শত নিরানব্বই) জন |
| ৪. | সেবা তত্ত্বাবধায়ক | ০১ জন |
| ৫. | উপ-সেবা তত্ত্বাবধায়ক | মোট পদ- ০১ টি<br>কর্মরত – ০১ জন<br>শূন্য পদ – ০ টি |
| ৬. | নার্সিং সুপারভাইজার | মোট পদ- ১৪ টি<br>কর্মরত - ১১ টি<br>শূন্য পদ – ০৩ টি |
| ৭. | সিনিয়র স্টাফ নার্স | মোট পদ- ৬০৭ টি<br>কর্মরত - ৫৮২ টি<br>শূন্য পদ – ২৫ টি |
| ৮. | স্টাফ নার্স | মোট পদ- ৬৬ টি<br>কর্মরত - ৬৪ টি<br>শূন্য পদ – ০২ টি |
| ৯. | সহকারি নার্স | মোট পদ- ০৩ টি<br>কর্মরত - ০৩ টি<br>শূন্য পদ – ০০ টি |

চেক লিস্ট

| ক্রমিক নং | চেকলিষ্ট আইটেম | অতিউত্তম (০৪) | উত্তম (০৩) | চলতিমান (০২) | অসন্তোষ জনক (০১) | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ১. | হাজিরা নিশ্চিত করণ | √ | | | | |
| ২. | ড্রেস/ ইউনিফর্মের রং এর মান | | √ | | | |
| ৩. | ডিউটি রোস্টার মোতাবেক সঠিক কর্মবন্টন ও শিফট বন্টন নিশ্চিত করণ | | √ | | | |
| ৪. | ওয়ার্ড ইনচার্জ পরিবর্তন নীতিমালা বাস্তবায়ন | √ | | | | |
| ৫. | অগ্রিম কর্মবন্টন ( এ্যাসাইনমেন্ট বুক) হালনাগাদ করণ | √ | | | | |
| ৬. | হাসপাতাল কর্তৃপক্ষের সাথে নিয়মিত যোগাযোগ/ মতবিনিময় | √ | | | | |
| ৭. | রোগীর কথা মনোযোগ সহকারে শোনার মান | | √ | | | |
| ৮. | রোগীর স্বার্থে কথা বলার মান | | √ | | | |
| ৯. | রোগীর ও রোগীর আত্মীয়ের সংগে সম্মানজনক যোগাযোগ স্থাপনের মান | | √ | | | |
| ১০. | আন্তঃব্যাক্তিকযোগাযোগঃ- হাসাতালের চিকিৎসক ও অন্যান্য ব্যক্তিবর্গের সাথে | | √ | | | |
| ১১. | পেশাগত দক্ষতা | | √ | | | |
| ১২. | পেশাগত সার্বিক আচরণ | | √ | | | |
| ১৩. | সেবার মান নিশ্চিতকরণে উদ্যোগ | | √ | | | |
| ১৪. | রোগীর সার্বিক সেবা ব্যবস্থাপনা | | √ | | | |
| ১৫. | হাসপাতাল ওয়ার্ডের কাজের চাপ মোকাবেলার উদ্যোগ ও সমাধান কার্যক্রম | | √ | | | |
| ১৬. | স্বাস্থ্য শিক্ষা প্রদান কার্যক্রম | | | √ | | |
| ১৭. | ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ | | | √ | | |
| ১৮. | চেইন অফ কমান্ড সিস্টেম | | √ | | | |
| ১৯. | প্রতি শিফটে রোগির হ্যান্ডওভার সঠিক ভাবে দেয়া ও নেয়া | | √ | | | |
| ২০. | ওয়ার্ড রাউন্ড নিশ্চিত করণ | | √ | | | |

**পর্যবেক্ষণঃ**- হাসপাতালের আই সি ইউ, কেবিন, জরুরী বিভাগসহ অন্যান্যওয়ার্ড পরিদর্শন করা হয়। ওয়ার্ডসমূহ পরিষ্কার পরিচ্ছন্ন ছিল। তবে কিছু ওয়াশরুম অপরিষ্কার ছিল। ঔষধপত্রে সঠিকভাবে লেবেল করা আছে। ড্রেসিং ট্রলি পরিষ্কার ছিল। ড্রেসিং প্যাক ও গজ ব্যান্ডেজ পর্যাপ্ত ছিল। রেকর্ড পত্র হালনাগাদ আছে। ড্রেস সঠিক ছিল। বিভিন্ন ধরনের চার্ট মার্ক করা হয় । নার্সদের জন্য আলাদা ওয়াশরুম আছে । নার্সিং সুপারভাইজার কর্তৃক ওয়ার্ড রাউন্ড দেয়া হয়। সকল রেকর্ড পত্র কম্পিউটারে সংরক্ষণ করা হয় না। হাসপাতালের সার্বিক অবস্থা সন্তোষজনক নয়। হাসপাতালে কর্মরত অনেক নার্সিং কর্মকর্তা ওরিয়েন্টেশন প্রশিক্ষণ পাননি। আই সি ইউ প্রশিক্ষণ আরো প্রয়োজন। আই সি ইউ ব্যবস্থাপনার মান ভালো।

**সুপারিশমালাঃ-**

১। হাসপাতালের নৈতিকতা কমিটির ত্রৈমাসিক সভা ও কার্যবিবরণী যথাসময়ে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ।

২। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তরে প্রেরণ।

৩। চেকলিস্ট অনুযায়ী সকল কাজ হালনাগাদ রাখা।

৪। সকল সমস্যা লিখিতভাবে কর্তৃপক্ষকে জানানো।

৫। সেবা তত্ত্বাবধায়ক কর্তৃক নিয়মিত ওয়ার্ড রাউন্ড ও প্রতিবেদন পরিচালককে অবগত করা।

৬। সেবার মান উন্নয়নের লক্ষ্যে উদ্ভাবনী ও সৃজনশীল পদ্ধতি প্রয়োগ করা।

৭। নার্সিং ও ক্লিনিক্যাল প্রাকটিসের বিদ্যমান প্রক্রিয়া উন্নতকরণপূর্বক অধিকতর রোগীবান্ধব করার উদ্যোগ গ্রহণ করা।

৮। রোটেশন প্লান করে রোষ্টার মেইনটেন করা।

৯। স্থানীয়ভাবে হাসপাতাল কর্তৃপক্ষ কর্তৃক নার্সগণকে প্রশিক্ষণ প্রদান করা।

১০। রোগীর সেবার মান উন্নয়নের লক্ষ্যে নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর কর্তৃক জারীকৃত নির্দেশনাসমূহ বাস্তবায়ন করতে প্রয়োজনীয় সকল উদ্যোগ গ্রহণ করা।

১। সহকারী পরিচালক (প্রশাসন ও মিডওয়াইফারি),

২। সহকারী পরিচালক (সমন্বয়)

৩। পরিচালক প্রশাসনের ব্যক্তিগত কর্মকর্তা


৪। নার্সিং অফিসার (সমন্বয় শাখা)

৫। নার্সিং অফিসার (সমন্বয় শাখা)

মোঃ নাসির উদ্দিন
(উপ সচিব)
পরিচালক (প্রশাসন, অর্থ ও বাজেট)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

সহকারী পরিচালক (সমন্বয়)
নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, ঢাকা।

# নার্সিং সেবার মান উন্নয়নে শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা পরিদর্শন





# নার্সিং সেবার মান উন্নয়নে শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা পরিদর্শন





# নার্সিং সেবার মান উন্নয়নে শহীদ সোহ্‌রাওয়ার্দী মেডিকেল কলেজ হাসপাতাল, ঢাকা পরিদর্শন



